

সড়ক দুর্ঘটনায় তারেক মাসুদসহ ৫ জন নিহত চট্টগ্রাম ও মংলা থেকে পণ্য আন
ঢাকা, রোববার, ১৪ আগস্ট ২০১১, ৩০ শ্রাবণ ১৪১৮, ১৩ রমজান ১৪৩২

- প্রথম পাতা
- শেষের পাতা
- দ্বিতীয় পাতা
- পনের পাতা
- সম্পাদকীয়
- উপ-সম্পাদকীয়
- নগর-মহানগর
- বাংলার দিগন্ত
- ক্রীড়া দিগন্ত
- অর্থ শিল্প-বাণিজ্য
- অন্য দিগন্ত
- আজকের কম্পিউটার
- নিত্যদিন
- বিনোদন সারাদিন
- সিলেবাস
- নিরাময়
- বিজ্ঞান তথ্যপ্রযুক্তি
- বিভাগ পরিক্রমা



শেষের পাতা

• পল্টনে পুলিশ-হিববুত তাহরীর সংঘর্ষ গ্রেফতার ১৬

পল্টনে পুলিশ-হিববুত তাহরীর সংঘর্ষ গ্রেফতার ১৬

নিজস্ব প্রতিবেদক



রাজধানীতে গতকাল হিববুত তাহরীরের মিছিলে পুলিশের অ্যাকশন : নয়া দিগন্ত

নিষিদ্ধঘোষিত সংগঠন হিববুত তাহরীরের সদস্যরা রাজধানীতে মিছিল বের করলে পুলিশ ব্যাপক লাঠি চার্জ করে ঘটনাস্থল থেকে ১৬ জনকে গ্রেফতার করেছে। ঘটনাস্থলে হিববুত তাহরীরের অন্তত ১০ সদস্য আহত হয়েছেন। এ সময় হিববুত তাহরীর নেতাকর্মীদের সঙ্গে পুলিশের ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। পুলিশ দাবি করেছে হিববুত তাহরীর সদস্যরা তাদের লক্ষ্য করে ইট পাটকেল নিক্ষেপ করেছে। এতে পুলিশের বেশ কয়েকজন আহত হয়েছেন বলে পুলিশের দাবি।

গতকাল বেলা সাড়ে ১২টার দিকে হিববুত তাহরীর পল্টনের কস্তুরী হোটেলের সামনে থেকে এবং বায়তুল মোকাররম উত্তর গেট এলাকা থেকে পৃথক দু'টি মিছিল করে। এ সময় পুলিশ মিছিলে বাধা দিলে হিববুত তাহরীর কর্মীরা পুলিশকে লক্ষ্য করে ইট পাটকেল নিক্ষেপ শুরু করেন। পুলিশ তখন মিছিলকারীদের ওপর বেধড়ক লাঠিচার্জ শুরু করে। পুলিশের পিটুনিতে মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায়। প্রত্যক্ষদর্শীরা জানান,

ঘটনাস্থলে হিববুত তাহরীরের বেশ কয়েকজন কর্মী আহত হন। আহত অবস্থায় পুলিশ তাদের গ্রেফতার করে। পুলিশের সঙ্গে এই সংঘর্ষে পল্টন ও মুক্তাঙ্গন এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। প্রায় আধা ঘণ্টা পরে পরিস্থিতি স্বাভাবিক হয়। পুলিশ ঘটনাস্থল থেকে ১৬ জনকে গ্রেফতার করে। এর মধ্যে পল্টন থানা পুলিশ ১৪ জনকে এবং শাহবাগ থানা পুলিশ দুইজনকে গ্রেফতার করে। গ্রেফতার অভিযানে রমনার অতিরিক্ত উপপুলিশ কমিশনার আনোয়ার হোসেন নেতৃত্ব দিয়েছেন বলে পুলিশ জানায়।

গ্রেফতারকৃত হিববুত তাহরীর সদস্যরা হলেন রাদি সফিক, মনিরুল ইসলাম পিয়াস, জামিলুর রহমান, সাবির আহম্মেদ আকাশ, শাহাবুদ্দিন, শরিফ শাহ মিরাজ, আসিফ রহমান, সৈয়দ জায়েম আবদুল্লাহ, এ এম সায়েদুল ইসলাম, আহম্মেদ নিজাম, সাফায়েত উল্লাহ শাওন, মোঃ হাবিবুর রহমান, মোঃ ফয়সাল, আশিকুর রহমান, জাহিদুল ইসলাম জাহিদ এবং জাহিদ উদ্দিন মিলন। গ্রেফতারকৃতদের বেশির ভাগ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তাদের বিরুদ্ধে পল্টন ও শাহবাগ থানায় পৃথক মামলা হয়েছে। পুলিশ জানিয়েছে, হিববুত তাহরীর একটি নিষিদ্ধ সংগঠন। নিষিদ্ধ থাকার কারণেই তারা মিছিল করায় তাদের গ্রেফতার করা হয়েছে।

এ দিকে, পুলিশ জানিয়েছে হিববুত তাহরীর নেতাকর্মীদের হামলায় পুলিশের বেশ কয়েকজন সদস্য আহত হয়েছেন। আহতদের মধ্যে পিআই মোঃ হাজ্জাজকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং এসআই জসিম উদ্দিনকে রাজারবাগ পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

HOME E-MAIL TOP

পুরনো পত্রিকা